

সুরক্ষা এবং সুস্থতা সনদ

কোভিড অতিমারীর জন্য আমাদের চলতে থাকা প্রতিক্রিয়ার অংশ হিসাবে, আমরা সব রকমের বাড়ি সশরীরে পরিদর্শনের সাথে সম্পর্কিত ঝুঁকিগুলি ক্রমাগত মূল্যায়ন করছি।

বাড়ির লোকজনদের এবং বাড়ি পরিদর্শনের সাথে সম্পর্কিত সমীক্ষকদের ক্ষেত্রে আশংকাগুলি চিহ্নিত করতে ও তা প্রশমিত করতে আমাদের সহায়তার জন্য আমাদের **বুকিং প্রক্রিয়া** এবং কাজের জায়গায় **ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট** অর্থাৎ পরিবর্তনশীল আশংকা মূল্যায়নগুলির পরিকল্পনা করা হয়েছে।

পরিদর্শনের শর্তগুলি

এই কাজে এগিয়ে যাওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে আমরা অবশ্যই এ বিষয়ে জোর দেব যে, **পরিদর্শনের সময় সব বাড়িগুলি অবশ্যই লোকজন ছাড়া ফাঁকা করে দিতে হবে।** এই দৃষ্টিভঙ্গী সব রকমের পরিদর্শন -মূল্যায়ন এবং সমীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য।

ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট

বাড়িতে পৌঁছানোর পরে, আমাদের সমীক্ষক (সার্ভেয়ার) ডাইনামিক রিস্ক অ্যাসেসমেন্ট অর্থাৎ পরিবর্তনশীল আশংকার মূল্যায়ন করবেন এবং বাড়ির সবার নিরাপত্তা এবং সুস্থ থাকার বিষয়টি নির্ধারণের জন্য আপনাকে কিছু প্রশ্ন করতে পারেন। যদি সমীক্ষক (সার্ভেয়ার) আশংকার কোনো অ-গ্রহণযোগ্য মাত্রা (যেমন সামাজিক দূরত্বের ঘাটতি) চিহ্নিত করেন, তাহলে সেই পরিদর্শনটি বাতিল হবে এবং অন্য তারিখের জন্য আবার বুক করা হবে।

পরিদর্শনের আগে

পরিদর্শনের আগে, সমীক্ষকদের ও বাড়ির লোকজনদের আমরা একটু বেশি সতর্কতা অবলম্বন করতে বলব।



আমাদের সমীক্ষকরা অ্যাপয়েন্টমেন্টটি নিশ্চিত করতে, তারা পৌঁছানোর প্রায় 30 মিনিট আগে আপনার সাথে যোগাযোগ করবেন। পরিদর্শন চলাকালীন সময়ে বাড়িটি লোকজন-বিহীন করা হবে তা আপনাকে নিশ্চিত করতে বলা হবে।



সমীক্ষকরা আসার আগে, যদি সম্ভব হয়, জানালাগুলি খুলে দিয়ে বাড়িটিতে হাওয়া চলাচল করতে দিন।



স্পর্শ করা হবে এমন পৃষ্ঠতলের সংখ্যা হ্রাস করতে:

- ভিতরের এবং বাইরের দরজার সমস্ত হ্যান্ডেলগুলি অবশ্যই মুছে পরিষ্কার করতে হবে
- সিঁড়ির নীচে থাকা কোনও আলমারি এবং বাতাস চলাচলের আলমারি সহ সমস্ত দরজা এবং চিলেকোঠার দরজাগুলি খুলে রাখতে হবে
- সব ঘরের আলো জ্বালিয়ে রাখুন।



কোনও বিড়াল বা কুকুর থাকলে, সম্পত্তি পরিদর্শন সময়কালের জন্য অনুগ্রহ করে, সেটিকে আপনার কাছেই রেখে দেবেন (সেটি যাতে মুক্তভাবে ঘোরাঘুরি না করে)।

পরিদর্শনের সময়



যখন সমীক্ষকরা এসে পৌঁছাবেন, তখন আপনাকে বাড়িটি খালি করতে বলা হবে, সে সময়ে দুই মিটারের সামাজিক দূরত্ব বজায় রাখবেন এবং সবসময়েই মুখের আবরণ পরে থাকবেন



আমাদের সমীক্ষকরা PPE বা পার্সোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট (মুখের মাস্ক এবং একবার ব্যবহারযোগ্য দস্তানা) পরে সশরীরে পরিদর্শনের কাজটি সম্পন্ন করবেন, সারাদিন ধরে তাঁরা সরঞ্জাম পরিষ্কার করার জন্য হ্যান্ড ওয়াইপ (হাত মোছার কাপড়) ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবেন



সমীক্ষকরা যখন এসে পৌঁছাবেন তখন তাঁরা, যাকে আমরা 'পরিবর্তনশীল বা দৃশ্যমান আশংকার মূল্যায়ন' বলি, সেই কাজটি করবেন এবং যদি তাঁরা মনে করেন যে কোথাও কোনো আশংকা আছে তাহলে পরিদর্শন বন্ধ করতে পারেন



সমীক্ষকদের বাড়িতে থাকার সম্ভাবনা প্রায় 30 মিনিটের মত, কিন্তু বাড়ির বৈশিষ্ট্যের উপর নির্ভর করে হয়ত আপনার বেলাতে তা তার বেশি হতে পারে



পরিদর্শনের আগে সব PPE / সরঞ্জাম প্রস্তুত করার জন্য এবং পরিদর্শনের পরে সবকিছু পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য অনুগ্রহ করে কিছু সময় দেবেন



অনুগ্রহ করে মনক্ষুন্ন হবেন না, কিন্তু দুর্ভাগ্যক্রমে আমাদের সমীক্ষকরা পরিদর্শনের সময় পানীয় গ্রহণ করতে পারেন না



পুনশ্চ:, স্পর্শ করা পৃষ্ঠতলের সংখ্যা কমানোর জন্য, আপনার স্থান ছেড়ে যাওয়ার সময় সমীক্ষক কোনও দরজা বন্ধ করবেন না, তবে তারা কখন যাবেন সে সম্পর্কে আপনাকে জানাবেন।